



আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, ডাল চাষী উদ্বুদ্ধকরণ সফর-২০২৬ অনুষ্ঠিত হয় ১৬-১৮ ফেব্রুয়ারি/২০২৬ খ্রি। মাদারীপুর-রাজবাড়ী-ফরিদপুর-কুষ্টিয়া অঞ্চলের বিভিন্ন মাঠ পরিদর্শন করেন ড. সেলিম আহম্মেদ, প্রকল্প পরিচালক, আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর। বরিশাল ও ফরিদপুর অঞ্চলের ৪০ জন ডাল চাষী নিয়ে এ উদ্বুদ্ধকরণ সফর অনুষ্ঠিত হয়। সফরের মূল উদ্দেশ্য কৃষকদের ডাল চাষে উদ্বুদ্ধকরণ এবং অন্য অঞ্চলের চাষ পদ্ধতি সম্পর্কে ধারণা দেয়া। এ সফরের মাধ্যমে বিভিন্ন অঞ্চলের কৃষকরা ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হয়ে থাকে। বিলুপ্তপ্রায় ছোলাকে পুনরায় চাষযোগ্য করার ব্যাপারে বিশেষ গুরুত্ব দেয়া হয়। একাধিক কৃষক প্রতিশ্রুতি দেন আগামী মৌসুমে অন্য ডালের পাশাপাশি তারা ছোলা চাষ করবেন। ড. সেলিম আহম্মেদ ফরিদপুর অঞ্চলের কৃষকদের বিনামূল্যে ডালের বীজ ও সার প্রদান করার প্রতিশ্রুতি দেন। সফরে অংশগ্রহনকারী কৃষকরা বলেন, “এ সফরের মাধ্যমে আমাদের অভিজ্ঞতা বৃদ্ধি পেয়েছে”।